





আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন
জেলা: বান্দরবান

	
	
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>	
	
তারিখ: (২০ মে, ২০২০) বুলেটিন নং ১৪৭	২০ মে হতে ২৪ মে, ২০২০ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি ১৬ মে হতে ১৯ মে, ২০২০ তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	১৬ মে	১৭ মে	১৮ মে	১৯ মে	সীমা
বৃষ্টিপাত (মি.মি)	০.০	০.০	০.০	২০.০	০.০-২০.০ (২০.০)
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৪.৩	৩৪.৭	৩৪.০	৩৬.৩	৩৪.০-৩৬.৩
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৬.৬	২৬.৫	২৬.৮	২৭.৮	২৬.৫-২৭.৮
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৫৬.০-৯২.০	৫৫.০-৯৩.০	৫৬.০-৮৫.০	৫১.০-৯৬.০	৫১-৯৬
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৫.৬	১.৯	৫.৬	১১.১	১.৮৫-১১.১
মেঘের পরিমাণ (অঙ্ক)	৫	৫	৬	৭	৫-৭
বাতাসের দিক	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ০৫ দিনের আবহাওয়া পূর্বাভাস
(২০ মে হতে ২৪ মে, ২০২০) তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	সীমা
বৃষ্টিপাত (মিমি)	০.০-১২.৫ (২১.৭)
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩১.৯-৩৫.৫
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৪.২-২৫.৯
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৫৭.০-৯২.০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৩.১-৭.০
মেঘের অবস্থা	আংশিক মেঘাচ্ছন্ন
বাতাসের দিক	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব

করোনা ভাইরাস (কভিড-১৯) সংক্রমণের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় কমপক্ষে ১ মিটার (৩ ফুট) দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং সাবান ও পানি দিয়ে অন্তত ২০ সেকেন্ড ধরে হাত ধোঁত করুন। প্রয়োজনে এলকোহল যুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা যেতে পারে। তাছাড়া করোনা ভাইরাস সংক্রমণ রোধ করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দিকনির্দেশনা মেনে চলুন।

আবহাওয়া পরিস্থিতি ও কৃষি আবহাওয়া পরামর্শ:

উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তরপূর্ব বঙ্গোপসাগর এবং পশ্চিমমধ্য বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণিঝড় ‘আম্পান’ উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে ২০ মে সকাল ০৬ টায় একই এলাকায় অবস্থান করছিল। এটি আরও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে ২০ মে বিকাল/সন্ধ্যা নাগাদ সুন্দরবনের নিকট দিয়ে পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূল অতিক্রম করতে পারে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় জেলার অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে জেলার কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। দিন এবং রাতের তাপমাত্রা ২-৩ ডিগ্রী সে. হ্রাস পেতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টায় ক্রমান্বয়ে আবহাওয়ার উন্নতি হতে পারে। আগামী পাঁচ দিনে যথেষ্ট বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে।

ঘূর্ণিঝড়ের সম্ভাব্য ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:

- ১। বোরো ধান সংগ্রহ থেকে বিরত থাকুন।
- ২। সংগ্রহ করা ফসল নিরাপদ জায়গায় নেওয়া সম্ভব না হলে মাঠে গাদা করে পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন যেন ঝোড়ো হাওয়া ও ভারী বৃষ্টিপাতের কারণে ক্ষতি না হয়।
- ৩। পরিপক্ক সবজি ও ফল সংগ্রহ থেকে বিরত থাকুন।
- ৪। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৫। দভায়মান ফসলকে পানির স্রোত থেকে রক্ষার জন্য বোরো ধানের জমির আইল উঁচু করে দিন।
- ৬। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
- ৭। খামারজাত সকল পণ্য নিরাপদ স্থানে রাখুন।
- ৮। আখের ঝাড় বেঁধে দিন, কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৯। পুকুরের চারপাশ জাল দিয়ে ঘিরে দিন যেন ভারী বৃষ্টিপাতের পানিতে মাছ ভেসে না যায়।
- ১০। গবাদি পশু ও হাঁসমুরগী শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।
- ১১। মৎস্যজীবীদের সমুদ্রগমন থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হলো।